রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ৫, ১৯৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য ও বহির্বাণিজ্য মন্ত্রণালয়

(বাণিজ্য বিভাগ)

দ্রব্যমূল্য স্থিতিকরণ শাখা

মূল্য উপদেষ্টা বোর্ড

## বিজ্ঞপ্তি

ঢাকা, ৩০শে ডিসেম্বর ১৯৭৫।

নং-কম/সিজি/পি. এক-১(৫১৯)/৭৫—১৯৭৫ সনের অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্য ও সরবরাহ নিয়ন্ত্রণ আদেশের ৩নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, আমি, এম, আর, দেওয়ান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দ্রব্যমূল্য ও সরবরাহের মহানিয়ন্ত্রক, এতদ্বারা মেসার্স জামান ফার্মাসিউটিক্যাল কোং, ১৪ নং বায়তুল মোকাররম, ঢাকা, কর্তৃক উৎপাদিত ঔষধের সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য নিম্নরূপ ধার্য করিলাম:

| ক্রমিক নং। | ঔষধের বিবরণ। | সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য (১৫% খুচরা বিক্রেতার কমিশনসহ)। |
|---|---|---|
| (১) | ইষ্টন সিরাপ (চার আউন্সের প্রতি বোতল)। | টাকা ৯·৫০ (নয় টাকা পঞ্চাশ পয়সা মাত্র)। |
| (২) | তুগাজাম সিরাপ (চার আউন্সের প্রতি বোতল)। | টাকা ৯·১৫ (নয় টাকা পনের পয়সা মাত্র)। |
| (৩) | ইমেটোসেপ্ট টেবলেট (প্রতিটি) | টাকা ০·১৫ (পনের পয়সা মাত্র)। |
| (৪) | ইন্টোসেপ্ট কম্পাউণ্ড টেবলেট (প্রতিটি) | টাকা ০·১৯ (উনিশ পয়সা মাত্র)। |

এম, আর, দেওয়ান
মহানিয়ন্ত্রক,
দ্রব্যমূল্য ও সরবরাহ,
পদাধিকার বলে উপ-সচিব।



মূল্যঃ ২২ পয়সা।

## MINISTRY OF COMMERCE AND FOREIGN TRADE

### Price Advisory Board

### NOTIFICATION

**Dacca, the 30th December 1975.**

**No. COM/CG/PF-I(534)/75.**—In exercise of the powers conferred under clause 3 of the Essential Commodities Price and Distribution Control Order, 1975, I, M. R. Dewan, Controller-General of Prices and Supplies, Government of the People's Republic of Bangladesh, hereby fix the maximum retail selling price of Medicines produced by ICI Bangladesh Manufacturers Limited, 9, Motijheel Commercial Area, Dacca, as under:

| Description of Medicine. | Maximum Retail Selling Price including 15 per cent. retailer's commission. |
|---|---|
| Septrin Tablet | (Each) Tk. 2·00 (Taka Two only). |

M. R. DEWAN
*Controller-General of Prices and Supplies,*
*Deputy Secretary, Ex-officio.*

---

## বাংলাদেশ নির্বাচন কমিশন

### ফরম ত

[৪৩ নিয়ম দ্রষ্টব্য]

চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/মেম্বার পদে নির্বাচিত প্রার্থীগণের তালিকা।

জিলা—বরিশাল, মহকুমা—সদর (দঃ) বরিশাল, থানা—কোতয়ালী।

| ইউনিয়নের নাম। | ওয়ার্ড নম্বর। | নির্বাচিত প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা। | যে পদে নির্বাচিত হইয়াছেন। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| রায়পাশা কড়াপুর | ২নং ওয়ার্ড | জনাব গনি খাঁ, পিতা মুন্সী নাজেম আলী খাঁ, সাং ডেফুলিয়া, পোঃ রুইয়া। | মেম্বার। | |

স্থান—বরিশাল,
তারিখ—১৮-১১-১৯৭৫।

মোঃ শাহজাহান মিয়া
রিটার্ণিং অফিসার।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| জিলা—বরিশাল, মহকুমা—সদর (দঃ) বরিশাল, থানা—বাখরগঞ্জ। | | | | |
| ফরিদপুর | ১নং ওয়ার্ড | বাবু ভুবন চন্দ্র সুজন, পিতা মহেন্দ্র নাথ সুজন, সাং ও পোঃ ভাতশালা। | | মেম্বার। |

স্থান—বরিশাল,
তারিখ—২৬-১১-১৯৭৫।

মোঃ শাহজাহান মিয়া
রিটার্নিং অফিসার।

জিলা—বাখেরগঞ্জ, মহকুমা—ভোলা, থানা—লালমোহন।

| | | | | |
|---|---|---|---|---|
| পশ্চিম চরউমেদ | | আবদুল গনি মাতাব্বর, পিতা নোয়াব আলী মাতাব্বর, সাং পাংগাসিয়া, পোঃ গজারিয়া। | | চেয়ারম্যান। |

স্থান—ভোলা,
তারিখ—২৬-১১-১৯৭৫।

আঃ মালেক তপাদার
রিটার্নিং অফিসার।

জিলা—বাখেরগঞ্জ, মহকুমা—ভোলা, থানা—চরফ্যাসন।

| | | | | |
|---|---|---|---|---|
| চর কলমী ইউনিয়ন | ২নং ওয়ার্ড | আলী হোসেন বেপারী, পিতা আবদুল হাসিম, সাং চরমন্দল, পোঃ আঞ্জুরহাট। | | মেম্বার। |

স্থান—ভোলা,
তারিখ—২৬-১১-১৯৭৫।

আঃ মালেক তপাদার
রিটার্নিং অফিসার।

জিলা—বাখেরগঞ্জ, মহকুমা—ভোলা, থানা—বরহানউদ্দিন।

| | | | | |
|---|---|---|---|---|
| কুতুবা | ২নং ওয়ার্ড | মোঃ শাহজাহান, পিতা মৃত আবদুল মাজেদ, সাং কুতুবা, পোঃ বরহানউদ্দিন বাজার। | | মেম্বার। |

স্থান—ভোলা,
তারিখ—২৬-১১-১৯৭৫।

আঃ মালেক তপাদার
রিটার্নিং অফিসার।

## আইন, সংসদীয় বিষয়াবলী ও বিচার মন্ত্রণালয়

### বিচার বিভাগ

### শাখা ৪

### বিজ্ঞপ্তি

**ঢাকা, ৫ই জানুয়ারী ১৯৭৬।**

**নং ৬ বিচার-৪/১ এইচ-১/৭৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৮ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিভাগে কর্মরত বিচারক জনাব এফ, কে, এম, এ, মুনিমকে তাঁহার শপথ গ্রহণের তারিখ হইতে এক বৎসরের জন্য উক্ত কোর্টের আপীল বিভাগে অতিরিক্ত বিচারক হিসাবে নিয়োগ করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এ, আর, চৌধুরী**
সচিব।

শ্রম, সমাজকল্যাণ, সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক মন্ত্রণালয়

(শ্রম ও সমাজ কল্যাণ বিভাগ)

শাখা ৬

বিজ্ঞপ্তি

ঢাকা, ২২শে ডিসেম্বর ১৯৭৫।

নং শা-৬/১(৫৬)/৭৫/৫১০—১৯৬৯ সালের শিল্প সম্পর্ক অধ্যাদেশের (১৯৬৯ সালের ২৩ নং অধ্যাদেশ) ৩৫ ধারার (২) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতা বলে মহামান্য রাষ্ট্রপতি ঢাকার জেলা ও দায়রা জজ মিঃ শান্তি রঞ্জন কর্মকারকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত চট্টগ্রাম শ্রম আদালতের চেয়ারম্যানের পদে নিযুক্ত করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খাদেম আলী

উপ-সচিব।

---

**বন্দর, জাহাজ চলাচল ও আভ্যন্তরীন নৌ-চলাচল মন্ত্রণালয়**

**বন্দর উন্নয়ন শাখা**

**ইশতাহার**

**ঢাকা, ২৭শে ডিসেম্বর ১৯৭৫ ইং।**

**নং এস, আর, ও, ৪-এল/৭৬/পিডি/১ই-১/৭৪(অংশ)-৪৩২—চট্টগ্রাম পোর্ট এ্যাক্ট, ১৯১৪** (বেঙ্গল এ্যাক্ট ৫, ১৯১৪) এর ৪৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত জাহাজযোগে আমদানীকৃত পণ্য সামগ্রীর উপর উক্ত এ্যাক্টের ৫৭ ধারা মোতাবেক ধার্য্যকৃত হোয়ার্ফ রেণ্ট ১০০% মওকুফ করিয়া দিয়াছেন:

বিবরণ:

| | | | |
|---|---|---|---|
| (১) | জাহাজের নাম | : | এম, এস, এস, নাগাট মারু। |
| | পণ্যের নাম | : | চিকিৎসা বিজ্ঞান বিষয়ক বইপত্রসহ একটি বাক্স। |
| | আমদানীকারকের নাম | : | জনাব মোশারফ হোসেন, সহকারী অধ্যাপক, ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতাল। |
| | পৌছার তারিখ | : | ১৯৭৩ সাল। |
| (২) | জাহাজের নাম | : | এম, গোল্ডেন গ্লোব |
| | পণ্যের নাম | : | ৮৫০ টন কাঠ। |
| | পৌছার তারিখ | : | ২৮-১০-১৯৭৫। |
| | আমদানীকারকের নাম | : | জনশিক্ষা পরিচালক, বাংলাদেশ, ঢাকা। |

জি, কে, এস, এম, শাহ্‌জাহান আমিন

উপ-সচিব।

স্পেশাল অফিসার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
এসিসটেন্ট কন্ট্রোলার-ইন-চার্জ, বাংলাদেশ ফরমস্ এন্ড পাবলিকেশনস্ অফিস, ঢাকা, কর্তৃক প্রকাশিত।